

বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ অফিসের কার্যাবলি

১. বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদসহ এর অন্তর্গত নির্বাহী কমিটি, স্থায়ী কারিগরি কমিটি ও অন্যান্য কমিটিকে কারিগরি, বিশ্লেষণ ও সাচিবিক সহায়তা প্রদান;
২. বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ, নির্বাহী কমিটি, স্থায়ী কারিগরি কমিটি ও অন্যান্য কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সেক্টরকে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিরিখে জ্ঞাত করা;
৩. গবেষণা কার্যক্রম পরিচালনা/সমন্বয়ের মাধ্যমে জ্ঞানার্জন ও প্রযোজ্য ক্ষেত্রে গবেষণা কার্যক্রমের প্রয়োজনীয় বরাদ্দ প্রদান এবং বিভিন্ন পর্যালোচনার মাধ্যমে পুষ্টিবিষয়ক অর্জন ও ঘাটতি (GAP) তুলে ধরা;
৪. জাতীয় পুষ্টি কর্মপরিকল্পনার পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামোর সম্পাদন ও বাস্তবায়ন; স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা এবং অন্যান্য মন্ত্রণালয়ের নীতি, কৌশল এবং কর্মসূচির সঙ্গে বহু সেক্টরের সমন্বয় বাড়ানো ও বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদের সভায় প্রতিবেদন প্রদান;
৫. বিভিন্ন মন্ত্রণালয়ের পুষ্টিবিষয়ক কর্মসূচি পর্যালোচনা করা এবং তা জাতীয় পুষ্টিনীতির আলোকে যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা এ বিষয়ে উপযুক্ত নির্দেশনা পরিষদে তুলে ধরা;
৬. বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, প্রতিষ্ঠান ও সংস্থার পুষ্টি কর্মসূচির অগ্রগতি, ফলাফল পর্যালোচনা ও মূল্যায়নপূর্বক পরবর্তী কাউন্সিল কর্তৃক প্রয়োজনীয় গাইডলাইন প্রদান;
৭. পুষ্টিনীতি/কর্মপরিকল্পনা প্রণয়ন/হালনাগাদের জন্য সহায়তা প্রদান;
৮. কার্যকর সহযোগিতা, অংশগ্রহণ এবং সম্পদ ব্যবহারের নিমিত্ত কৌশল চিহ্নিত করা;
৯. পুষ্টিবিষয়ক কারিগরি ও সাধারণ তথ্য অবহিত ও প্রকাশনায় সহায়তা প্রদান করা;
১০. পুষ্টিবিষয়ক প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়নের জন্য সংশ্লিষ্ট অংশীজনদের সহায়তা ও নির্দেশনা প্রদান করা;
১১. পুষ্টিবিষয়ে বৈশ্বিক সমন্বয়ে কারিগরি সহায়তা প্রদান করা;
১২. দেশব্যাপী জাতীয় পুষ্টি সপ্তাহ আয়োজন এবং দক্ষিণ এশীয় পুষ্টিবিষয়ক জার্নাল নিয়মিত প্রকাশনা;
১৩. পুষ্টি বিষয়ক তথ্য ও বার্তা প্রদানের জন্য রেডিও, টেলিভিশন ও মুদ্রিত মাধ্যমে ব্যাপক প্রচারের মধ্য দিয়ে টেকসই সামাজিক আচরণ পরিবর্তন যোগাযোগ (SBCC) বৃদ্ধি করা;
১৪. জনগণকে পুষ্টিবিষয়ক তথ্য প্রদানের জন্য ডিজিটাল তথ্য কেন্দ্র ও গ্রন্থাগারের ব্যবস্থা করা;
১৫. দেশের পুষ্টি উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ, নির্বাহী কমিটি এবং স্থায়ী কারিগরি কমিটি কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন করা;